

জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা শুরু

'জানুক সবাই, দেখাও তুমি' স্লোগানে শিক্ষার্থীদের প্রোগ্রামিংয়ের প্রতি আগ্রহী করে তুলতে দেশে প্রথমবারের মতো অনুষ্ঠিত হচ্ছে 'জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৫'। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং রবি আজিয়াটা ও আনোয়ার ইন্সপাত লিমিটেডের আর্থিক সহযোগিতায় দেশব্যাপী অনুষ্ঠিত হবে এ প্রতিযোগিতা। আজ ৮ মে, শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঢাকা মহানগর আঞ্চলিক পর্বের মাধ্যমে শুরু হচ্ছে এ আয়োজন। বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে সকালে বেলা উড়িয়ে ঢাকা মহানগরের আঞ্চলিক পর্বের শুভ উদ্বোধন করেন আই সিটি বিভাগের সচিব শ্যাম সুন্দর সিকদার এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল

হলে শুরু হয় সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি বলেন, 'আজকের এই হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার মাধ্যমে নতুন এক বাংলাদেশের সূচনা হল। আমরা জানি আমাদের ছেলেরা অনেক মেধাবী। তাদের শুধু এ ধরনের সুযোগ তৈরি করে দিতে পারলেই হবে। তাহলে একদিন আমাদের ছেলেরাই গুগল, ফেসবুক তৈরি করতে পারবে।' সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমামস আরেফিন সিদ্দিক। সমাপনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইসিটি বিভাগের অতিরিক্ত সচিব হারুন অর রশিদ।



বেলা উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন

অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলাম।

উদ্বোধনের পর শুরু হয় কুইজ প্রতিযোগিতা। কুইজ প্রতিযোগিতায় ঢাকা মহানগরের বিভিন্ন বিদ্যালয়ের ৫০০ শিক্ষার্থী অংশগ্রহণ করে। এরপর কুইজে অংশগ্রহণকারীদের নিয়ে শুরু হয় প্রোগ্রামিং কর্মশালা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (সিএসই) বিভাগে সকাল ১০টায় শুরু হয় প্রোগ্রামিং প্রতিযোগিতা। এতে ১০০ জন শিক্ষার্থী অংশ নেয়। এছাড়াও ঢাকা মহানগরের স্কুল ও কলেজের ৫০ জন শিক্ষককে নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত। দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন

সমাপনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ও রবি আজিয়াটা লিমিটেডের ডাইন প্রেসিডেন্ট (কমিউনিকেশনস অ্যান্ড কন্সার্টে রেস্পন্সিবিলিটি) ইকরাস ক্বীর, আনোয়ার গ্রুপের হেড অব মার্কেটিং গালিব মোহাম্মদ, ধানসিঁড়ি কমিউনিকেশনের ব্যবস্থাপনা পরিচালক শমী কায়সার, আন্তর্জাতিক প্রোগ্রামিং প্রতিযোগিতার বিচারক মোহাম্মদ মাহমুদ রহমান, স্থিমিক কম্পিউটার স্কুলের চেয়ারম্যান তামিম শাহরিয়ার সুবিনসহ অনেকে। সমাপনী অনুষ্ঠানটি পরিচালনা করেন বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের (বিডিওএসএন) সাধারণ সম্পাদক মুনির হাসান। এ সময় তিনি আয়োজন সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। অনুষ্ঠানে কুইজে ১২০ জনকে বিজয়ী ঘোষণা করা হয় এবং প্রোগ্রামিংয়ে ৪৭ জনকে বিজয়ী ঘোষণা করা হয়। যারা সরাসরি জাতীয় প্রতিযোগিতায় অংশ নিতে পারবে।

চলতি বছর সারা দেশকে মোট ৮টি অঞ্চলে ভাগ করা হয়েছে। এই আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অঞ্চলগুলো হচ্ছে : রংপুর, রাজশাহী, খুলনা, সিলেট, চট্টগ্রাম, বরিশাল, ঢাকা মহানগর ও ঢাকা বিভাগ (গোপালগঞ্জ)। সব অঞ্চলের বিজয়ীদের নিয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ২৯ মে অনুষ্ঠিত হবে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা। এ প্রতিযোগিতার পৃষ্ঠপোষকতার রয়েছে রবি আজিয়াটা লিমিটেড, আনোয়ার ইন্সপাত। সহযোগিতায় বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন) ও ধানসিঁড়ি কমিউনিকেশন এবং একাডেমিক সহযোগিতায় কোডমার্শাল ও স্থিমিক কম্পিউটিং স্কুল। প্রতিযোগিতার বিস্তারিত জানা যাবে www.nhspc.org এবং www.facebook.com/nhspcibd এই ঠিকানায়।

—আইটি ডেস্ক